# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৭

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ঈমানের কোন অংশের অংশ বাস্তবায়ন করে, তার ক্ষেত্রে ঈমান নাম ব্যবহার করার বিষয়ে আলোচনা

## ذِكْرُ إِطْلَاقِ اسْمِ الْإِيمَانِ عَلَى مَنْ أَتَى جُزْءًا مِنْ بَعْضِ أَجْزَائِهِ

আরবী

أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعَاذِ بْنِ مُعَاذٍ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا عَاصِمُ بْنُ مُحَمَّدٍ عَنْ عَامِرِ بْنِ السِّمْطِ عَنْ مُعَاوِيَةَ بْنِ إِسْحَاقَ بْنِ طَلْحَةَ قَالَ: حَدَّثَنِي ثُمَّ اسْتَكْتَمَنِي أَنْ أُحَدِّثَ بِهِ مَا عَاشَ مُعَاوِيَةُ فَذَكَرَ عَامِرٌ قَالَ: سَمِعْتُهُ وَهُوَ يَقُولُ: حَدَّثَنِي عَطَاءُ بْنُ يَسَارٍ وَهُوَ قَاضِي الْمَدِينَةِ قَالَ: سَمِعْتُ ابْنَ مَسْعُودٍ وَهُوَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (سَيَكُونُ أُمَرَاءُ مِنْ بَعْدِي يَقُولُونَ مالا يفعلون ويفعلون مالا يُؤْمَرُونَ فَمَنْ جَاهَدَهُمْ بِيَدِهِ فَهُوَ مُؤْمِنٌ وَمَنْ جَاهَدَهُمْ بِلِسَانِهِ فَهُوَ مُؤْمِنٌ وَمَنْ جَاهَدَهُمْ بِقَلْبِهِ فَهُوَ مُؤْمِنٌ لَا إِيمَانَ بَعْدَهُ) قَالَ عَطَاءٌ: فَحِينَ سَمِعْتُ الْحَدِيثَ مِنْهُ انْطَلَقْتُ بِهِ إِلَى عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ فَأَخْبَرْتُهُ فَقَالَ: أَنْتَ سَمِعْتَ ابْنَ مَسْعُودٍ يَقُولُ هَذَا؟ كَالْمُدْخِلِ عَلَيْهِ فِي حَدِيثِهِ ـ قَالَ عَطَاءٌ: فَقُلْتُ: هُوَ مَرِيضٌ فَمَا يَمْنَعُكَ أَنْ تَعُودَهُ؟ قَالَ: فَانْطَلِقْ بِنَا إِلَيْهِ فَانْطَلَقَ وَانْطَلَقْتُ مَعَهُ فَسَأَلَهُ عَنْ شَكْوَاهُ ثُمَّ سَأَلَهُ عَنِ الْحَدِيثِ قَالَ: فَخَرَجَ ابْنُ عُمَرَ وَهُوَ يُقَلِّبُ كَفَّهُ وَهُوَ يَقُولُ: مَا كَانَ ابْنُ أُمِّ عبدٍ يكذِب عَلَى رَسُولِ الله صلى الله عليه وسلم.

الراوي : عبد الله بن مَسْعُودٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 177 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৭৭. মদীনার বিচারপতি আতা’ বিন ইয়াসার রহিমাহুল্লাহ বলেন, আমি আব্দুল্লাহ বিন মাসঊদ রাদ্বিয়াল্লাহু আনহুকে বলতে শুনেছি, তিনি বলেছেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: ’অচিরেই আমার পরে কিছু শাসক আসবে, যারা এমন কিছু বলবে যা তারা নিজেরাই আমল করবে না, আর এমন কিছু করবে যা তাদেরকে করতে আদেশ করা হয়নি। যে ব্যক্তি তাদের সাথে হাত দিয়ে জিহাদ করবে, সে মু’মিন, যে ব্যক্তি তাদের সাথে জবান দিয়ে জিহাদ করবে, সেও মু’মিন, যে ব্যক্তি তাদের সাথে অন্তর দিয়ে জিহাদ করবে, সেও মু’মিন। এরপর আর কোন ঈমান নেই।’[1]

রাবী আতা’ রহিমাহুল্লাহ বলেন, তাঁর কাছ থেকে হাদীসটি শুনে আমি এই ব্যাপারে আমি আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুম এর কাছে গেলাম। অতঃপর হাদীসটি তাঁকে বর্ণনা করলাম। তিনি আমাকে বললেন যে, ’আপনি নিজেই কি হাদীসটি আব্দুল্লাহ বিন মাসঊদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে হাদীসটি শুনেছেন?’ আতা’ রহিমাহুল্লাহ বলেন: ’তিনি তো অসুস্থ, তাঁকে দেখতে যাচ্ছেন না কেন?’ তিনি বললেন: ’আমাকে তাঁর কাছে নিয়ে চলুন।’ এরপর তিনি চলতে লাগলেন আমিও তাঁর সাথে চলতে লাগলাম। তারপর তিনি তাঁকে তাঁর অসুস্থতা সম্পর্কে জিজ্ঞাসাবাদ করলেন। এরপর তিনি অত্র হাদীস সম্পর্কে জিজ্ঞেস করলেন। রাবী আতা’ বলেন, এরপর আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুম তাঁর কাছ থেকে বের হলেন এবং হাতের তালু উল্টিয়ে বললেন: “উম্মু আবদ এর ছেলে (অর্থাৎ আব্দুল্লাহ বিন মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু) রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নামে মিথ্যা কথা বলেন না।”

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৫০; মুসনাদ আবু আওয়ানা: ১/৩৫; বাইহাকী, আস সুনান: ১০/৯১।

হাদীসটির সানাদ আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ উত্তম বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীক ‘আলা ইসলাহিল মাসাজিদ: ৪৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আতা ইবনু ইয়াসার (রহ.)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88386

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন